স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস, ২০২২ পালন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ শামীম হুসাইন
উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ০২ আগস্ট ২০২২ খ্রিঃ।
সময় : সকাল-১১'০০ ঘটিকা।

উপস্থিত কর্মকর্তা/বিশিষ্ট ব্যক্তিবর্গের নাম, পদবী স্বাক্ষরের ক্রমানুসারে পরিশিষ্ট –'ক'-তে দেখানো হল।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২২ পালন উপলক্ষে ২৮ জুলাই ২০২২ তারিখের ০৪.০০.০০০০.০০১.৭১.০০১.২০১৮-৬৫৪ নং স্মারকে প্রাপ্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী এবং জেলা প্রশাসক, নীলফামারীর এতদসংক্রান্ত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। অত:পর স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক জাতীয় এবং জেলা পর্যায়ের কর্মসূচির সাথে সংগতি রেখে এ উপজেলায় দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে পালনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের জন্য সভায় উপস্থিত সকলের মতামত ও পরামর্শ আহবান করা হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত কর্মসূচি সর্বসম্মতিক্রমে গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়:

"কর্মসূচি"

| ক্রঃনঃ | তারিখ ও সময় | কর্মসূচি | ব্যবস্থাপনায় |
|---|---|---|---|
| ০১ | ১৫ আগস্ট ২০২২ সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন। | সকল সরকারি/বেসরকারি/স্বায়ত্বশাসিত/ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ভবন মালিকগণ |
| ০২ | সকাল ০৯.০০ টা | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে পুষ্পস্তবক অর্পণ, নীরবতা পালন ও মোনাজাত স্থান: উপজেলা পরিষদ চত্বর, সৈয়দপুর। | উপজেলা প্রশাসন, সৈয়দপুর |
| ০৩ | সকাল ১০.০০ টা | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে "জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন ও কর্ম" বিষয়ক আলোচনা সভা। স্থান: উপজেলা পরিষদ চত্বর, সৈয়দপুর | উপজেলা প্রশাসন, সৈয়দপুর |
| ০৪ | সুবিধাজনক সময়ে | শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা। | উপজেলা শিক্ষা অফিসার, সৈয়দপুর। |
| ০৫ | সুবিধাজনক সময়ে | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকল মাদ্রাসায় কোরআন খতম ও দোয়া মাহফিল। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, সৈয়দপুর। |
| ০৬ | সুবিধাজনক সময়ে | হেফজ ও রচনা প্রতিযোগিতা | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, সৈয়দপুর। |
| ০৭ | সুবিধাজনক সময়ে | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মসূচির আলোকে জাতীয় শোক দিবস পালন। | সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান। |
| ০৮ | বাদ যোহর | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সৈয়দপুর উপজেলার সকল মসজিদে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, সৈয়দপুর। |
| ০৯ | সুবিধাজনক সময়ে | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সৈয়দপুর উপজেলার সকল মন্দির/ গীর্জা/ প্যাগোডা/ অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনা। | স্ব-স্ব প্রতিষ্ঠান |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১০ | দুপুর ০২.০০ টা | হাসপাতাল, এতিমখানা ও শিশু পরিবারে উন্নতমানের খাবার পরিবেশন | স্ব-স্ব প্রতিষ্ঠান |
| ১১ | সুবিধাজনক সময়ে | সকল শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপণ | স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান |
| ১২ | সকাল ০৭.০০ টা হতে রাত ০৯.০০ টা পর্যন্ত | বঙ্গবন্ধুর ওপর প্রামাণ্য চিত্র প্রদর্শন<br>স্থান: সৈয়দপুর প্লাজা, সৈয়দপুর | সহকারী প্রোগ্রামার, তথ্য প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর<br>ও<br>উপজেলা টেকনিশিয়ান, সৈয়দপুর। |

## (ক) পুষ্পস্তবক অর্পণ উপ-কমিটি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সহকারী কমিশনার (ভূমি), সৈয়দপুর- — আহবায়ক
২) মেয়র, সৈয়দপুর পৌরসভা, সৈয়দপুর - — সদস্য
৩) অধ্যক্ষ(ভাঃ), সৈয়দপুর সরকারি কলেজ,সৈয়দপুর- — ''
৪) ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর- — ''
৫) উপজেলা সমাজসেবা অফিসার, সৈয়দপুর- — ''
৬) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সৈয়দপুর- — ''
৭) জনাব মো: মহসিনুল হক মহসিন, সাধারণ সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ, সৈয়দপুর- — ''
৮) জনাব মোঃ রফিকুল ইসলাম বাবু, ভারপ্রাপ্ত সভাপতি, পৌর আওয়ামীলীগ, সৈয়দপুর- — ''
৯) জনাব মোঃ মোজাম্মেল হক, সাধারণ সম্পাদক, পৌর আওয়ামীলীগ, সৈয়দপুর-
১০) ইঞ্জিনিয়ার মো: রাশেদুজ্জামান রাশেদ, বিশিষ্ট সমাজসেবক ও আওয়ামীলীগ নেতা, সৈয়দপুর- — ''
১১) সভাপতি/সম্পাদক, প্রজন্ম'৭১, সৈয়দপুর- — ''
১২) চেয়ারম্যান, সকল ইউপি, সৈয়দপুর- — ''
১৩) অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সকল শিক্ষা প্রতিষ্ঠান, সৈয়দপুর পৌরসভা- — ''
১৪) সভাপতি/সম্পাদক, বি এম এ, সৈয়দপুর উপজেলা শাখা- — ''
১৫) জনাব জোবায়দুর রহমান শাহীন, যুগ্ম-সাধারণ সম্পাদক, পৌর আওয়ামীলীগ, সৈয়দপুর- — ''
১৬) আহবায়ক, উপজেলা যুবলীগ, সৈয়দপুর উপজেলা শাখা- — ''
১৭) জনাব বীর মুক্তিযোদ্ধা মোঃ ইউনুস আলী, সৈয়দপুর- — ''
১৮) জনাব বীর মুক্তিযোদ্ধা এ কে এম ফজলুল হক, সৈয়দপুর- — ''
১৯) সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, সৈয়দপুর- — ''

## "জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন ও কর্ম" বিষয়ক আলোচনা সভা পরিচালনা উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)"

১) উপজেলা নির্বাচন অফিসার, সৈয়দপুর- — আহবায়ক
২) মেয়র, সৈয়দপুর পৌরসভা- — সদস্য
৩) ভাইস-চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, সৈয়দপুর- — ''
৪) অধ্যক্ষ, সৈয়দপুর সরকারি কলেজ,সৈয়দপুর - — ''
৫) উপজেলা একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সৈয়দপুর- — ''
৬) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর- — ''
৭) উপজেলা সমবায় অফিসার,সৈয়দপুর- — ''
৮) জনাব বীর মুক্তিযোদ্ধা মোঃ মতিউর রহমান, বীর প্রতীক, সৈয়দপুর- — ''
৯) জনাব বীর মুক্তিযোদ্ধা মোঃ আবু বকর সিদ্দিক, সৈয়দপুর- — ''
১০) জনাব মো: মহসিনুল হক মহসিন, সাধারণ সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ, সৈয়দপুর — ''
১১) ইঞ্জিনিয়ার মো: রাশেদুজ্জামান রাশেদ, বিশিষ্ট সমাজসেবক ও আওয়ামীলীগ নেতা, সৈয়দপুর — ''
১২) সভাপতি/সম্পাদক, প্রজন্ম'৭১, সৈয়দপুর — ''
১৩) জনাব মোঃ রফিকুল ইসলাম বাবু, ভারপ্রাপ্ত সভাপতি, পৌর আওয়ামীলীগ, সৈয়দপুর- — ''
১৪) জনাব মোঃ মোজাম্মেল হক, সাধারণ সম্পাদক, পৌর আওয়ামীলীগ, সৈয়দপুর- — ''
১৫) জনাব এম আর আলম ঝন্টু, সাংবাদিক, প্রথম আলো, সৈয়দপুর — ''

Scanned with CamScanner

১৬) সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, সৈয়দপুর- "

<u>এছাড়াও সভায় "জাতীয় শোক দিবস-২০২২" সুষ্ঠুভাবে পালনের জন্য নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ</u>

০২। মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তা/কর্মচারিগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করার জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়।

০৩। জাতীয় শোক দিবস পালনের জন্য বঙ্গবন্ধু ম্যুরাল (উপজেলা পরিষদ চত্বর) প্রাঙ্গনে জীবানুনাশক পানি ছিটানোসহ স্প্রে করার জন্য সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, সৈয়দপুর, নীলফামারীকে অনুরোধ করা হয়।

০৪। ইউনিয়ন পর্যায়ে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।

০৫। গৃহীত কর্মসূচি মাইকযোগে বহুল প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। জাতীয় কর্মসূচি ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সকল শিক্ষা প্রতিষ্ঠানে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজনে প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়। এছাড়া সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মসূচির আলোকে জাতীয় শোক দিবস পালন করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়। । উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সৈয়দপুর, নীলফামারী বিষয়টি নিশ্চিত করবেন।

০৭। বঙ্গবন্ধু মূর্যালে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব নিশ্চিত এবং আইন-শৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা, নীলফামারীকে অনুরোধ করা হয়।

০৮। ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের অনুষ্ঠানে মাস্ক ছাড়া কাউকে প্রবেশের অনুমতি প্রদান করা যাবে না। উক্ত বিষয়টি নিশ্চিত করার জন্য অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা এবং উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

০৯। জাতীয় শোক দিবস পালনে গৃহীত কর্মসূচিসমূহে স্বাস্থ্য সুরক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক হ্যান্ডস্যানিটাইজার ও টিস্যু সরবরাহ করতে হবে।

১০। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের কর্মসূচিতে প্রাথমিক চিকিৎসার জন্য মেডিকেল টিম প্রস্তুত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সৈয়দপুর,নীলফামারীকে অনুরোধ করা হয়।

১১। অনুষ্ঠান চলাকালীন নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ(নেসকো), সৈয়দপুর, নীলফামারীকে অনুরোধ করা হয়।

১২। সঠিক মাপ ও বর্ণের জাতীয় পতাকা উত্তোলনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় (কোন অবস্থাতেই ছেড়াঁ, ময়লা, বিবর্ণ ও হেলানো অবস্থায় জাতীয় পতাকা উত্তোলন করা যাবে না)।

১৩। সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকল মাদ্রাসায় কোরআন খতম ও দোয়া মাহফিল, হেফজ ও রচনা প্রতিযোগিতা, সকল মসজিদে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাতের আয়োজনের বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, সৈয়দপুর, নীলফামারীকে অনুরোধ করা হলো ।

১৪। সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সৈয়দপুর উপজেলার সকল মন্দির/ গীর্জা/ প্যাগোডা/ অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনার ব্যবস্থা করার জন্য সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, সৈয়দপুর, নীলফামারীকে অনুরোধ করা হয়।

১৫। বঙ্গবন্ধুর ওপর প্রামাণ্য চিত্র প্রদর্শন এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুরকে অনুরোধ করা হয়।

পরিশেষে এ উপজেলায় জাতীয় শোক দিবস, ২০২২ যথাযথ মর্যাদা এবং অনুষ্ঠানিকতার সাথে পালনের জন্য সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

02/08/2022

(মো: শামীম হুসাইন)
উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর,নীলফামারী।
☎০৫৫২২২৮৬
মোবাইলঃ০১৭৩৩৩৯০৬৬৬
unosyedpur@mopa.gov.bd

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী।
syedpur.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৮৫.০০০.০৬.০০৩১.১১-৮০৭ তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৯ / ০২ আগস্ট ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫ নীলফামারী-০৪/৩৩৬, মহিলা আসন ...।
০২। জেলা প্রশাসক, নীলফামারী।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
০৪। মেয়র, সৈয়দপুর পৌরসভা।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, সৈয়দপুর, নীলফামারী।
০৬। উপজেলা.....................................................কর্মকর্তা, সৈয়দপুর, নীলফামারী।
০৭। চেয়ারম্যান, কামারপুকুর/কাশিরামবেলপুকুর/বাঙ্গালীপুর/বোতলাগাড়ী/খাতামধুপুর ইউ,পি সৈয়দপুর, নীলফামারী।
০৮। ......................................................................................সৈয়দপুর, নীলফামারী।
০৯। অধ্যক্ষ /প্রধান শিক্ষক/সুপার......................................................................কলেজ/উচ্চ বিদ্যালয়/ মাদ্রাসা সৈয়দপুর।
১০। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী।